জরুরি

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
রেলপথ মন্ত্রণালয়
প্রশাসন-৬ (রেল অপারেশন) অধিশাখা
www.mor.gov.bd

নং-৫৪.০০.০০০০.০৪১.১৮.০২০.২১-১৪৩

তারিখ: ০৯ জ্যৈষ্ঠ ১৪২৯
২৩ মে ২০২২

বিষয় : ঢাকা ক্যান্টনমেন্ট-কোলকাতা-ঢাকা ক্যান্টনমেন্ট এর মধ্যে মৈত্রী এক্সপ্রেস, খুলনা-কোলকাতা-খুলনা এর মধ্যে বন্ধন এক্সপ্রেস এবং ঢাকা ক্যান্টনমেন্ট-নিউ জলপাইগুড়ি-ঢাকা ক্যান্টনমেন্ট এর মধ্যে মিতালী এক্সপ্রেস ট্রেন পুন: চালুকরণ বিষয়ে আন্ত: মন্ত্রণালয় সভার কার্যবিবরণী প্রেরণ।

উপর্যুক্ত বিষয়ে জানানো যাচ্ছে যে রেলপথ মন্ত্রণালয়ের সচিব মহোদয়ের সভাপতিত্বে ঢাকা ক্যান্টনমেন্ট-কোলকাতা-ঢাকা ক্যান্টনমেন্ট এর মধ্যে মৈত্রী এক্সপ্রেস, খুলনা-কোলকাতা-খুলনা এর মধ্যে বন্ধন এক্সপ্রেস এবং ঢাকা ক্যান্টনমেন্ট-নিউ জলপাইগুড়ি-ঢাকা ক্যান্টনমেন্ট এর মধ্যে মিতালী এক্সপ্রেস ট্রেন পুন: চালুকরণ বিষয়ে এক আন্ত:মন্ত্রণালয় ২২/০৫/২০২২ তারিখ অনুষ্ঠিত হয়। উক্ত সভার কার্যবিবরণী সদয় অবগতি ও পরবর্তী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য নির্দেশক্রমে এতদ্সঙ্গে প্রেরণ করা হলো।

সংযুক্তি : বর্ণনামতে।

২৩/০৫/২০২২


(আ.স.ম. আশরাফুল আলম)
উপসচিব
☏ +৮৮০২৪১০৫০২৪৪
admin6@mor.gov.bd


বিতরণ (জেষ্ঠ্যতার ক্রমানুসারে নয়):

০১। সিনিয়র সচিব/সচিব পররাষ্ট্র মন্ত্রণালয় সেগুনবাগিচা, ঢাকা/ জননিরাপত্তা বিভাগ/ সুরক্ষা সেবা বিভাগ/ স্বাস্থ্য সেবা বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা ।
০২। চেয়ারম্যান, জাতীয় রাজস্ব বোর্ড, সেগুনবাগিচা, ঢাকা ।
০৩। মহাপরিচালক, বাংলাদেশ রেলওয়ে, রেলভবন, ঢাকা।
০৪। অতিরিক্ত সচিব (সকল), রেলপথ মন্ত্রণালয়, রেলভবন, ঢাকা।
০৫। অতিরিক্ত মহাপরিচালক (সকল) বাংলাদেশ রেলওয়ে, রেলভবন, ঢাকা।
০৬। মহাব্যবস্থাপক(পূর্ব/পশ্চিম), বাংলাদেশ রেলওয়ে, চট্টগ্রাম/রাজশাহী।
০৭। ডিআরএম(ঢাকা/পাকশী), বাংলাদেশ রেলওয়ে, কমলাপুর, ঢাকা/পাকশী।

অনুলিপি:

০১। মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, রেলপথ মন্ত্রণালয়, রেলভবন, ঢাকা।
০২। সচিব মহোদয়ের একান্ত সচিব, রেলপথ মন্ত্রণালয়, রেলভবন, ঢাকা।
০৩। সিনিয়র সিস্টেম এনালিস্ট, রেলপথ মন্ত্রণালয়, রেলভবন, ঢাকা (কার্যবিবরণীটি মন্ত্রণালয়ের ওয়েবসাইটে আপলোডের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের অনুরোধসহ)।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
রেলপথ মন্ত্রণালয়
প্রশাসন-৬ (রেল অপারেশন) অধিশাখা
www.mor.gov.bd

**বিষয় : ঢাকা ক্যান্টনমেন্ট-কোলকাতা-ঢাকা ক্যান্টনমেন্ট এর মধ্যে মৈত্রী এক্সপ্রেস, খুলনা-কোলকাতা-খুলনা এর মধ্যে বন্ধন এক্সপ্রেস এবং ঢাকা ক্যান্টনমেন্ট-নিউ জলপাইগুড়ি-ঢাকা ক্যান্টনমেন্ট এর মধ্যে মিতালী এক্সপ্রেস ট্রেন পরিচালন বিষয়ে আন্ত:মন্ত্রণালয় সভার কার্যবিবরণী।**

| | | |
|---|---|---|
| সভাপতি | : | ড. মোঃ হুমায়ুন কবীর<br>সচিব, রেলপথ মন্ত্রণালয় |
| সভার তারিখ | : | ২২ মে ২০২২ |
| সময় | : | বেলা ২:৩০ টা |
| স্থান | : | সভাকক্ষ (কক্ষ নং- ৯৩০), রেলভবন, ঢাকা |

**সভার উপস্থিতি:** সভায় বাংলাদেশ রেলওয়ের মহাপরিচালক, রেলপথ মন্ত্রণালয়ের অতিরিক্ত সচিব (উন্নয়ন ও পরিকল্পনা/ বাজেট ও পরিবীক্ষণ), যুগ্মসচিব (প্রশাসন), পররাষ্ট্র মন্ত্রণালয়ের মহাপরিচালক, স্বাস্থ্য সেবা বিভাগের উপসচিব, সুরক্ষা সেবা বিভাগের সিনিয়র সহকারী সচিব, জাতীয় রাজস্ব বোর্ডের উপ কমিশনার এবং দ্বিতীয় সচিব, বাংলাদেশ রেলওয়ের অতিরিক্ত মহাপরিচালক (অপারেশন/আই/আরএস), বাংলাদেশ রেলওয়ের মহাব্যবস্থাপক (পশ্চিম/পূর্ব), রেলপথ মন্ত্রণালয়ের উপসচিব (প্রশাসন-৬), বাংলাদেশ রেলওয়ের যুগ্মমহাপরিচালক (অপারেশন), পরিচালক (ট্রাফিক/পরিবহন), ডিআরএম (ঢাকা/পাকশী), ডিএমও (ঢাকা)সহ বিভিন্ন পর্যায়ের কর্মকর্তাগণ উপস্থিত ছিলেন। সভায় উপস্থিত কর্মকর্তাগণের তালিকা পরিশিষ্ট-'ক'-তে দেয়া হলো।

২। **সভার প্রারম্ভিক আলোচনা:**

সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন। অত:পর তিনি বলেন, কোভিড-১৯ সংক্রমণ বৃদ্ধি পাওয়ায় ভারত-বাংলাদেশ-এর মধ্যে চলাচলরত যাত্রীবাহী ট্রেন গত ১৫ মার্চ ২০২০ তারিখ হতে সাময়িকভাবে স্থগিত করা হয়। বর্তমানে কোভিড পরিস্থিতির উন্নতি হওয়ায় ভারত-বাংলাদেশ-এর মধ্যে চলাচলরত আন্ত:দেশীয় ট্রেন চলাচলের উদ্যোগ গ্রহণ করার লক্ষ্যে ট্রেন পরিচালনায় সংশ্লিষ্ট বিভিন্ন মন্ত্রণালয়/বিভাগের সমন্বয়ে অদ্যকার সভার আয়োজন করা হয়েছে। পরবর্তীতে তিনি সভার আলোচ্যসূচি অনুযায়ী তথ্যাদি উপস্থাপনের জন্য রেলপথ মন্ত্রণালয়ের উপসচিব (প্রশাসন-৬)-কে অনুরোধ জানান।

২.১ উপসচিব (প্রশাসন-৬), রেলপথ মন্ত্রণালয় জানান, ঢাকা ক্যান্টনমেন্ট-কোলকাতা-ঢাকা ক্যান্টনমেন্ট এর মধ্যে মৈত্রী এক্সপ্রেস, খুলনা-কোলকাতা-খুলনা এর মধ্যে বন্ধন এক্সপ্রেস এবং ঢাকা ক্যান্টনমেন্ট-নিউ জলপাইগুড়ি-ঢাকা ক্যান্টনমেন্ট এর মধ্যে মিতালী এক্সপ্রেস ট্রেন পরিচালন বিষয়ে রেলপথ মন্ত্রণালয়ের সচিব মহোদয়ের সভাপতিত্বে ২০/০৩/২০২২ তারিখ একটি আন্ত:মন্ত্রণালয় সভা অনুষ্ঠিত হয়। উক্ত সভার সিদ্ধান্ত অনুযায়ী বাংলাদেশ রেলওয়ে ভারতীয় রেল কর্তৃপক্ষের সাথে যোগাযোগ করা হয়েছে এবং পররাষ্ট্র মন্ত্রণালয় হতে হাই কমিশন অব ইন্ডিয়া, ঢাকার সাথে যোগাযোগ করা হয়েছে। পরবর্তীতে তিনি এ ট্রেনগুলো চলাচলের ক্ষেত্রে কোভিড-১৯ প্রটোকল, ভিসা সংক্রান্ত বিষয়াবলিসহ পুন:চালুকরণের হালনাগাদ তথ্যাদি সভায় উপস্থাপন করেন।

২.২ স্বাস্থ্য সেবা বিভাগের প্রতিনিধি জানান যাত্রী সাধারণের ভ্রমণের জন্য দুই ডোজ টিকার সনদ প্রয়োজন হবে। যদি ২ (দুই) ডোজ টিকা না দেয়া থাকে তবে ৭২ ঘন্টা সময়ের RTPCR টেস্টের ফলাফল প্রয়োজন হবে। ৬-১২ বছরের বাচ্চাদের টিকা দেয়া লাগবে না বা টিকা কার্ডের প্রয়োজন নেই । ১২ বছরের উর্ধ্বের বাচ্চাদের বয়স্ক যাত্রীদের মত টিকার কার্ড লাগবে। তবে যাত্রী সাধারণ কোভিড-১৯ এর অন্যান্য প্রটোকল মোতাবেক ট্রেনে ভ্রমণ করতে হবে। স্বাস্থ্য অধিদপ্তরের ওয়েবসাইটে Health Declaration Form আবশ্যিকভাবে পূরণ করতে হবে।

২.৩ পররাষ্ট্র মন্ত্রণালয়ের প্রতিনিধি জানান বর্তমানে ভিসা নিয়ে কোন সমস্যা নেই। ১২-১৮ বছরের বাচ্চাদের ক্ষেত্রে কি ব্যবস্থা নেয়া হবে তা স্বাস্থ্য সেবা বিভাগ থেকে সুষ্পষ্ট নির্দেশনা থাকা প্রয়োজন। ট্রেন চলাচলের বিষয়ে বাংলাদেশস্থ ভারতীয় রেলওয়ে এডভাইজারের সাথে যোগাযোগের বিষয়ে তিনি গুরুত্বারোপ করেন।

(অপর পাতায় দ্রষ্টব্য)

২.৪ সুরক্ষা সেবা বিভাগে প্রতিনিধি জানান বর্তমানে ভিসা ইস্যু হচ্ছে। এছাড়াও On Arrival Visaর ব্যবস্থাও চালু হয়েছে। ইমিগ্রেশনে কোন সমস্যা নেই মর্মে অভিমত ব্যক্ত করেন।

২.৫ রেলপথ মন্ত্রণালয়ের যুগ্মসচিব (প্রশাসন) জানান ইমিগ্রেশনে বাংলাদেশে আসার সময় হেলথ ডিক্লারেশন এর সংস্থান রয়েছে। এ বিষয়ে তিনি স্বাস্থ্য সেবা বিভাগের প্রতিনিধির দৃষ্টি আকর্ষণ করেন।

২.৬ জাতীয় রাজস্ব বোর্ডের প্রতিনিধি জানান আন্ত:দেশিয় ট্রেন চালু করা জরুরি প্রয়োজন। যে সকল স্টেশনে যাত্রী ওঠানামা করে সে সকল স্টেশনকে কাস্টমস এ্যাক্ট অনুযায়ী কাস্টমস স্টেশন ঘোষণা করা প্রয়োজন। ৯ (নয়)টি স্টেশনকে কাস্টমস স্টেশন ঘোষণার জন্য তথ্যাদি চেয়ে রেলপথ মন্ত্রণালয়ে পত্র প্রেরণ করা হয়েছে। নতুন কোন স্টেশন ক্ষেত্রেও এ ঘোষণা দিতে হবে এবং ঐ সকল স্টেশনের জমির মৌজা, খতিয়ান এবং দাগ নম্বর অর্থ্যাৎ তফসিল জাতীয় রাজস্ব বোর্ডে প্রেরণ করা হলে তা গেজেটে অন্তর্ভুক্ত করা হবে এবং ঐ সকল স্টেশনকে কাস্টমস স্টেশন ঘোষণা করা হবে। সুরক্ষা ব্যবস্থা নিশ্চিত করার বিষয়ে বিশেষ গুরুত্ব প্রদান করতে হবে। ট্রেন থেকে যেন মালামাল পথে না নামাতে পারে সে বিষয়ে সতর্ক থাকতে হবে। কারণ পথে মালামাল নামিয়ে ফেললে সরকার বিপুল পরিমাণ রাজস্ব হতে বঞ্চিত হবে।

২.৭ অতিরিক্ত মহাপরিচালক (অপারেশন), বাংলাদেশ রেলওয়ে সভায় জানান বাংলাদেশ রেলওয়ে ও ভারতীয় রেল কর্তৃপক্ষ ট্রেন চলাচলের বিষয়ে সম্মত হয়েছে। আগামী ২৯ মে ২০২২ তারিখ হতে মৈত্রী এক্সপ্রেস ঢাকা ক্যান্টনমেন্ট স্টেশন থেকে কলকাতার উদ্দেশ্যে ছেড়ে যাবে। ২৯ মে ২০২২ তারিখ বন্ধন এক্সপ্রেস কলকাতা থেকে বাংলাদেশের খুলনার উদ্দেশ্যে ছেড়ে আসবে। মিতালী এক্সপ্রেস আগামী ০১ জুন ২০২২ তারিখ বাংলাদেশের মাননীয় রেলপথ মন্ত্রী এবং ভারতের মাননীয় রেলপথ মন্ত্রী মহোদয় ভার্চুয়ালি উদ্বোধন করবেন এবং ট্রেনটি নিউজলপাইগুড়ি থেকে ছেড়ে আসবে। ২ জুন ২০২২ তারিখ ঢাকা ক্যান্টনমেন্ট স্টেশন থেকে নিউজলপাইগুড়ির উদ্দেশ্যে রওনা হবে। বাংলাদেশ রেলওয়ে তাদের নিজস্ব প্রস্তুতি নিয়ে রেখেছে। সবকিছু ঠিক থাকলে আগামী ২৪ মে ২০২২ তারিখ হতে উল্লিখিত ৩টি ট্রেনের টিকিট বিক্রয় কার্যক্রম শুরু করা যেতে পারে। লাগেজ স্ক্যানারে সমস্যা আছে তবে হ্যান্ড স্ক্যানার দিয়ে আপাতত কাজ চালানোর ব্যবস্থা গ্রহণ করা হবে। তিনি কাস্টমস ও ইমিগ্রেশন কর্তৃপক্ষকে তাদের কার্যক্রম যথারীতি চালু করার আবেদন জানান।

২.৮ অতিরিক্ত মহাপরিচালক (আরএস) বাংলাদেশ রেলওয়ে সভায় জানান ট্রেনগুলো বাংলাদেশ আসার পর দ্রুত ওয়াশপিটে নিতে হবে এবং প্রয়োজনীয় কার্যক্রম শেষে তা সংশ্লিষ্ট স্টেশনে ফেরত পাঠাতে হবে। ঢাকা ওয়াশপিটে ট্রেনগুলো নেয়ার বিষয়ে সকলে একমত পোষণ করেন।

২.৯ সভাপতি বলেন আগামী ২৯ মে ২০২২ তারিখ হতে মৈত্রী এক্সপ্রেস এবং বন্ধন এক্সপ্রেস এবং ১ জুন ২০২২ তারিখ হতে মিতালী এক্সপ্রেস ট্রেন চলাচল করবে। লাগেজ স্ক্যানার জরুরি ভিত্তিতে মেরামত/নতুন লাগেজ স্ক্যানার মেশিন ক্রয় করতে হবে। যাত্রীরা যাতে মালামাল দরজা বা জানালা দিয়ে বাহিরে ফেলতে না পারে সে বিষয়ে ট্রেনের দরজা জানালা নির্ধারিত স্থানগুলোতে বন্ধ রাখার পদক্ষেপ গ্রহণ করতে হবে।

৩। **সভায় বিস্তারিত আলোচনান্তে নিম্নোক্ত সিদ্ধান্ত গৃহীত হয়ঃ**

| ক্র:নং | আলোচ্য বিষয় ও আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|---|
| ৩.১ | **কোভিড-১৯ সংক্রান্ত নির্দেশনা :**<br><br>আন্ত:দেশিয় ট্রেনে ভ্রমণের সময় যাত্রী ও ট্রেনের কর্মকর্তা-কর্মচারিদের কোভিড-১৯ এর নির্দেশনা মেনে চলার বিষয়ে বিস্তারিত আলোচনা হয়। | ক) যাত্রীসহ আন্ত:দেশিয় ট্রেনের সকলকে কোভিড-১৯ সম্পর্কিত স্বাস্থ্য বিধি মেনে ভ্রমণ করতে হবে;<br>খ) ৬-১২ বছর বয়সের যাত্রীদের জন্য কোন টিকার প্রয়োজন হবে না। ১২-১৮ বছরের যাত্রীদের বয়স্কদের মতো কোভিড-১৯ প্রটোকল মেনে চলতে হবে। বয়স্ক যাত্রীদের ক্ষেত্রে দু'টি টিকা আবশ্যকভাবে থাকতে হবে। অথবা ৭২ ঘন্টার মধ্যে RTPCR পরীক্ষার ফলাফল সংগে রাখতে হবে; এবং<br>গ) স্বাস্থ্য অধিদপ্তরের ওয়েবসাইট এ Health Declaration From রয়েছে তা যাত্রীদের আবশ্যিকভাবে পূরণ করতে হবে। | মহাপরিচালক, বাংলাদেশ রেলওয়ে ও অতিরিক্ত মহাপরিচালক (অপারেশন) |

(অপর পাতায় দ্রষ্টব্য)

| | | | |
|---|---|---|---|
| ৩.২ | **জাতীয় রাজস্ব বোর্ড সংক্রান্ত :**<br><br>যে সকল স্টেশনে যাত্রী ওঠানামা করে সে সকল স্টেশনেকে কাস্টমস স্টেশন ঘোষণা করার বিষয়ে বিস্তারিত আলোচনা করা হয়। | ক) কাস্টমস এ্যাক্ট অনুযায়ী কাস্টমস অনবোর্ড এবং কাস্টমস ক্লিয়ারেন্স এর সুবিধার্থে যে সকল স্টেশনগুলোতে মৈত্রী, বন্ধন ও মিতালী ট্রেনগুলো থামবে সে স্টেশনগুলোর দাগ, মৌজা, খতিয়ান অর্থাৎ তফসিল NBR এর নিকট সরবরাহ করতে হবে। বিষয়গুলোর তফসিল জরুরিভিত্তিতে বাংলাদেশ রেলওয়ে হতে রেলপথ মন্ত্রণালয়ে প্রেরণ করতে হবে। | মহাপরিচালক, বাংলাদেশ রেলওয়ে |
| | | খ) এ সকল আন্ত:দেশিয় ট্রেনের মাধ্যমে ভারত ও বাংলাদেশের মধ্যে চোরাই কারবারির বিষয়টি অত্যন্ত সতর্কতার সাথে নিয়ন্ত্রণের ব্যবস্থা করতে হবে। সকল সময় দরজা জানালা বন্ধ রাখার ব্যবস্থা করতে হবে। | মহাপরিচালক, বাংলাদেশ রেলওয়ে ও অতিরিক্ত মহাপুলিশ পরিদর্শক, রেলওয়ে পুলিশ |
| ৩.৩ | **ট্রেন পুন: চালুকরণ:**<br><br>ঢাকা ক্যান্টনমেন্ট-কোলকাতা-ঢাকা ক্যান্টনমেন্ট এর মধ্যে মৈত্রী এক্সপ্রেস, খুলনা-কোলকাতা-খুলনা এর মধ্যে বন্ধন এক্সপ্রেস এবং ঢাকা ক্যান্টনমেন্ট-নিউ জলপাইগুড়ি-ঢাকা ক্যান্টনমেন্ট এর মধ্যে মিতালী এক্সপ্রেস ট্রেন পরিচালন বিষয়ে বিস্তারিত আলোচনা হয়। | ক) আগামী ২৯/০৫/২০২২ তারিখ মৈত্রী এক্সপ্রেস ঢাকা ক্যান্টনমেন্ট স্টেশন থেকে কলকাতার উদ্দেশ্যে ছেড়ে যাবে এবং ২৯/০৫/২০২২ তারিখ বন্ধন এক্সপ্রেস কোলকাতা থেকে বাংলাদেশের খুলনার উদ্দেশ্যে ছেড়ে আসবে। | মহাপরিচালক, বাংলাদেশ রেলওয়ে ও অতিরিক্ত মহাপরিচালক (অপারেশন) |
| | | খ) আগামী ০১/০৬/২০২২ তারিখ মিতালী এক্সপ্রেস ট্রেনটি নিউজলপাইগুড়ি থেকে ঢাকা ক্যান্টনমেন্ট স্টেশন পর্যন্ত পুন: চালু কার জন্য ভারত ও বাংলাদেশের রেলপথ মন্ত্রণালয়ের দুই মাননীয় মন্ত্রী ভার্চুয়ালি উদ্বোধন করবেন। | মহাপরিচালক, বাংলাদেশ রেলওয়ে ও অতিরিক্ত মহাপরিচালক (অপারেশন) |
| | | গ) মিতালী, বন্ধন ও মৈত্রী এক্সপ্রেস ট্রেন তিনটি পুন: চালুকরণের বিষয়টি পররাষ্ট্র, স্বরাষ্ট্র, স্বাস্থ্য সেবা বিভাগ ও জাতীয় রাজস্ব বোর্ডকে অবহিত করণের লক্ষ্যে পত্র প্রেরণ করতে হবে। | যুগ্মসচিব (প্রশাসন), রেলপথ মন্ত্রণালয় |
| | | ঘ) বর্তমানে লাগেজ স্ক্যানারটি অচল থাকায় হ্যান্ড স্ক্যানারের মাধ্যমে লাগেজগুলো চেক করার ব্যবস্থা গ্রহণ করতে হবে এবং জরুরি ভিত্তিতে লাগেজ স্ক্যানারটি মেরামত করতে হবে। | মহাপরিচালক, বাংলাদেশ রেলওয়ে ও অতিরিক্ত মহাপরিচালক (অপারেশন) |

(অপর পাতায় দ্রষ্টব্য)

| | | | |
|---|---|---|---|
| | | ঙ) ২৪/০৫/২০২২ তারিখ হতে জাতীয় দৈনিকে ট্রেনের টিকিট বিক্রিয়ের বিষয়টি জনসাধারণকে অবহিত করতে হবে। | মহাপরিচালক, বাংলাদেশ রেলওয়ে ও অতিরিক্ত মহাপরিচালক (অপারেশন) |

৪। সভায় আর কোন আলোচ্য বিষয় না থাকায় সভাপতি উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

(ড. মোঃ হুমায়ুন কবীর)
সচিব
রেলপথ মন্ত্রণালয়

পরিশিষ্ট-ক

| | | |
|---|---|---|
| **সভার বিষয়** | ঃ | **ঢাকা ক্যান্টনমেন্ট-কোলকাতা-ঢাকা ক্যান্টনমেন্ট এর মধ্যে মৈত্রী এক্সপ্রেস, খুলনা-কোলকাতা-খুলনা এর মধ্যে বন্ধন এক্সপ্রেস পুণ:চালুকরণ এবং ঢাকা ক্যান্টনমেন্ট-নিউ জলপাইগুড়ি-ঢাকা ক্যান্টনমেন্ট এর মধ্যে মিতালী এক্সপ্রেস ট্রেন পরিচালন বিষয়ে সভা।** |
| **সভার সভাপতি** | ঃ | ড.মো:হুমায়ুন কবীর, সচিব, রেলপথ মন্ত্রণালয়। |
| **সভার তারিখ, সময় ও স্থান** | ঃ | ২২ মে, ২০২২; দুপুর ০২:৩০ ঘটিকায়; সভাকক্ষ, রেলপথ মন্ত্রণালয়। |

## সভায় উপস্থিত কর্মকর্তাগণের তালিকা:

**রেলপথ মন্ত্রণালয় :**

| ক্রমিক | নাম ও পদবি | কর্মস্থল | মোবাইল নম্বর |
|---|---|---|---|
| ০১। | জনাব মো: হাবিবুর রহমান, অতিরিক্ত সচিব (উন্নয়ন ও পরিকল্পনা) | রেলপথ মন্ত্রণালয় | ০১৭১-১৬৯১১৫৯ |
| ০২। | জনাব মো: সিরাজুল ইসলাম, অতিরিক্ত সচিব (বাজেট ও পরিবীক্ষণ) | রেলপথ মন্ত্রণালয় | ০১৭১-১৬৩১৭৬৩৩ |
| ০৩। | জনাব জালাল উদ্দিন আহম্মেদ, যুগ্ম সচিব (প্রশাসন) | রেলপথ মন্ত্রণালয় | ০১৭-৯৩৫৯৯৬৪২ |
| ০৪। | জনাব আ.স.ম আশরাফুল আলম, উপসচিব (প্রশাসন-৬) অধিশাখা | রেলপথ মন্ত্রণালয় | ০১৭৫-১৫০০৪৬৪৬ |
| ০৫। | জনাব মুহাম্মদ মাহবুবুল হক, উপসচিব (সচিবের একান্ত সচিব) | রেলপথ মন্ত্রণালয় | ০১৭৫-৫৫০০৪৭০ |

**বিভিন্ন মন্ত্রণালয়/সংস্থা :**

| ক্রমিক | নাম ও পদবি | কর্মস্থল | মোবাইল নম্বর |
|---|---|---|---|
| ০১। | জনাব রকিবুল হক, মহাপরিচালক | পররাষ্ট্র মন্ত্রণালয় | ০১৯১-৮৯৯৬৭৯২ |
| ০২। | জনাব উম্মে হাবিবা, উপসচিব | স্বাস্থ্য সেবা বিভাগ | ০১৭৩-২৬০৯৮৪৬ |
| ০৩। | জনাব আরন্মুদা খান, পরিচালক | পররাষ্ট্র মন্ত্রণালয় | ০১৭১-২৩৫৫১১৪ |
| ০৪। | জনাব কানিজ ফাতেম, সিনিয়র সহকারী সচিব | সুরক্ষা সেবা বিভাগ | ০১৭৫-৪৮২০১৮৫ |
| ০৫। | জনাব মো: তারেক মাহমুদ, দ্বিতীয় সচিব | জাতীয় রাজস্ব বোর্ড | ০১৭১-৭৪৩২৩৬৭ |
| ০৬। | জনাব মো: আনোয়ারুল কবির, উপকমিশনার | জাতীয় রাজস্ব বোর্ড | ০১৩১-৫০৯১৯৬৩ |

**বাংলাদেশ রেলওয়ে:**

| ক্রমিক | নাম ও পদবি | কর্মস্থল | মোবাইল নম্বর |
|---|---|---|---|
| ০১। | জনাব ডি.এন মজুমদার, মহাপরিচালক | বাংলাদেশ রেলওয়ে | - |
| ০২। | জনাব সরদার সাহাদাত আলী, এডিজি (অপারেশন) | বাংলাদেশ রেলওয়ে | ০১৭১-১৫০৫৩১০ |
| ০৩। | জনাব মো: মঞ্জুর-উল-আলম চৌধুরী, এডিজি (রোলিং স্টক) | বাংলাদেশ রেলওয়ে | ০১৭১-১৫০৫৩০২ |
| ০৪। | জনাব মো: কামরুল আহসান, এডিজি (আই) | বাংলাদেশ রেলওয়ে | ০১৭১-১৫০৫৩০১ |
| ০৫। | জনাব মো: জাহাঙ্গীর হোসেন, মহাব্যবস্থাপক (পূর্ব), চট্টগ্রাম | বাংলাদেশ রেলওয়ে | ০১৭১-১৫০৫৩০৮ |
| ০৬। | জনাব অসীম কুমার তালুকদার, মহাব্যবস্থাপক (পশ্চিম), রাজশাহী | বাংলাদেশ রেলওয়ে | ০১৭১-১৫০৫৩০৯ |
| ০৭। | জনাব এ এম সালাহ উদ্দীন, জেডিজি (অপারেশন) | বাংলাদেশ রেলওয়ে | ০১৭১-১৫০৬১১৮ |
| ০৮। | জনাব মোহাম্মদ সফিকুর রহমান, ডিআরএম (ঢাকা) | বাংলাদেশ রেলওয়ে | ০১৭১-১৫০৬১৩৭ |
| ০৯। | জনাব মো: শাহীদুল ইসলাম, ডিআরএম (পাকশী) | বাংলাদেশ রেলওয়ে | ০১৭১-১৫০৬১৩০ |
| ১০। | জনাব মোহাম্মদ নাজমুল ইসলাম, প্রধান বাণিজ্যিক ব্যবস্থাপক (পূর্ব) | বাংলাদেশ রেলওয়ে | ০১৭১-১৫০৬১১৪ |
| ১১। | জনাব মো: নাহিদ হাসান খাঁন, পরিচালক, ট্রাফিক (বাণিজ্যিক) | বাংলাদেশ রেলওয়ে | ০১৭১-১৬৯১৬০২ |
| ১২। | জনাব মিহরাবুর রশিদ খান, উপ-পরিচালক | বাংলাদেশ রেলওয়ে | ০১৭১-১৬৯২৯৪৩ |
| ১৩। | জনাব ফুয়াদ হোসেন আনন্দ, মহাপরিচালকের একান্ত সচিব | বাংলাদেশ রেলওয়ে | ০১৭১-১৬৯১৬৩৩ |
| ১৪। | জনাব জহিরুল ইসলাম, চীফ কমান্ড্যান্ট/পূর্ব | বাংলাদেশ রেলওয়ে | ০১৭১-১৫০৬১২৪ |
| ১৫। | জনাব আশাবুল ইসলাম, চীফ কমান্ড্যান্ট/পশ্চিম | বাংলাদেশ রেলওয়ে | ০১৭১-১৫০৬১২৫ |
| ১৬। | জনাব মোহাম্মদ হুমায়ুন কবীর, সহ:পরিচালক (ইন্টারচেঞ্জ) | বাংলাদেশ রেলওয়ে | ০১৭৫-৫৫০০৪৭৭ |
| ১৮। | জনাব মো: শহিদুল ইসলাম | বাংলাদেশ রেলওয়ে | ০১৭১-১৫০৬১০৮ |